গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখঃ ১৬/০১/২০১৮ খ্রি.।

২০১৫ সনের মাস্টার্স ১ম পর্ব (প্রিলিমিনারি) পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত, মনোন্নয়ন/প্রাইভেট) ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৫ সনের মাস্টার্স ১ম পর্ব (প্রিলিমিনারি) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপঃ

বিভাগের নাম	ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ	সময়
রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজকর্ম, ইসলামের ইতিহাস, ইতিহাস, দর্শন, বাংলা, ইংরেজি, মার্কেটিং, ফিন্যান্স	১৭/০১/২০১৮	সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত প্রশাসনিক ভবনের ক্যাশ শাখায় ফরম পূরণের ফি জমা দিতে হবে।
উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, পদার্থ, ভূগোল, রসায়ন, গণিত, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান,	১৮/০১/২০১৮	
গ্রেড/মান উন্নয়ন (সকল বিষয়)	২০/০১/২০১৮	

নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ছাত্রীদের পরীক্ষার ফি

মাস্টার্স ১ম পর্ব বিষয়ের নাম	ফরম পূরণের ফি
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, সমাজকর্ম	২,৬৮০.০০
অর্থনীতি	২,৮৮০.০০
মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, পদার্থবিজ্ঞান, রসায়ন, ভূগোল, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা	২,৯০০.০০
গণিত	৩,৫০০.০০

গ্রেড/মান উন্নয়ন পরীক্ষার ফি

মাস্টার্স ১ম পর্ব বিষয়ের নাম	ফরম পূরণের ফি
১ পত্র (তত্ত্বীয়)	১,৯৮০.০০
২ পত্র (তত্ত্বীয়)	২,৭৮০.০০
৩ পত্র (তত্ত্বীয়)	৩,৫৮০.০০
শুধুমাত্র ব্যবহারিক	২,১০০.০০
শুধু মৌখিক	১,৯৮০.০০

তত্ত্বীয় পত্রের সাথে ব্যবহারিক পত্র থাকলে মোট পত্রের টাকার সাথে ১২০/- যোগ করে পরিশোধ করতে হবে। ২০১৩ সনের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থীদের সমপরিমাণ ফি জমা দিবে।

কলেজের ওয়েবসাইট হতে নমুনা এক্সেল ফাইল ডাউনলোড করে বিভাগ কর্তৃক ডাটা এন্ট্রির সর্বশেষ তারিখ ২০/০১/২০১৮ খ্রি.। নিম্নের নিদের্শনা অনুযায়ী তথ্যাদি অফিসে জমা দেয়ার তারিখ ২০/০১/২০১৮ খ্রি. বিকাল ৪:০০ টা পর্যন্ত।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

২. ফরম পূরণের ফি জমা দেয়াঃ

কলেজের প্রশাসনের ভবনে ক্যাশ শাখা হতে টাকা জমা রশিদ সংগ্রহ করে ৩ অংশে পরীক্ষার্থীর নাম, মাস্টার্স বিষয়ের নাম (রশিদের মাঝখানে বড় করে), ক্লাস রোল নম্বর, টাকার পরিমাণ ও নিজ মোবাইল নম্বর (স্বচল) অবশ্যই লিখতে হবে। ক্যাশ শাখায় নির্ধারিত টাকা জমা দিয়ে নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীরা স্ব স্ব বিভাগে গিয়ে ফরম সংগ্রহ ও প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবে। প্রাইভেট পরীক্ষার্থীরা অফিসের রেজিঃ শাখায় ফরম সংগ্রহ ও জমা দিবে।

৩. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

ক) ২০১৪-১৫ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার নিয়মিত ছাত্রী ও ২০১৫ সনের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার প্রাইভেট শিক্ষার্থী।

খ) ২০১২-১৩, ২০১৩-১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত এবং ২০১৩ ও ২০১৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীরা ২০১৫ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৪ সালের ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী ২০১৫ সালের বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৪ সালের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ধরনের পরীক্ষার্থী ২০১৪ সালের পরীক্ষায় যে সব পত্রে ৪৫% এর কম পেয়েছে শুধু ঐ পত্রগুলোতে অংশগ্রহণ করতে পারবে। ২০১৩ সালের

পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। এ বিষয়ে কোন কিছু জানার প্রয়োজন মনে করলে ফরম পূরণের পূর্বে তা জেনে নিতে হবে। ২০১৩ সালের পরীক্ষার্থীরা সকল পত্রে অংশগ্রহণ করবে। এখানে উল্লেখ্য যে, ২০১৩ সালের পরীক্ষার্থীদের ব্যবহারিক/মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষার পূর্বের নম্বর বহাল থাকবে। তবে নম্বর ৪০% এর কম থাকলে ২০১৫ সনের ব্যবহারিক/ মৌখিক/টিউটোরিয়াল/মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৪. পাঠ্যসূচি ঃ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।)

ক) ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস অনুযায়ী ২০১৫ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি/১মপর্ব পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৫. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কতৃর্ক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত মাস্টার্স ১মপর্ব বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০৫. কলেজের বিভাগসমূহের জন্য করণীয় ঃ

(ক) পরীক্ষার্থী তার পরীক্ষার পত্র অনুযায়ী টাকা জমা দিয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম পূরণ করতে হবে। ছাত্রীদের কাছ থেকে টাকা জমা রশিদের কলেজ অংশ আবেদন ফরমের সাথে জমা রাখতে হবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের (নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন/প্রাইভেট) রেজিস্ট্রেশনের ডাটা এক্সেল ফরমেটে কলেজ কর্তৃপক্ষকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরবরাহ করা হবে এবং অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে নিয়মিত পরীক্ষার্থীদের ডাটার সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়াও আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এর ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

গ) পরীক্ষার্থী ফি জমা দেয়ার পর একই দিনে তার ফরমপূরণসহ সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। পরের দিন অফিসে টাকা জমা দানের পরীক্ষার্থীর সংখ্যার সাথে বিভাগে ফরম পূরণের সংখ্যা মিলিয়ে নিতে হবে। যাতে কোন পরীক্ষার্থী টাকা জমা দেয়ার পরও ফরম পূরণ হতে বাদ না পড়ে।

ঘ) মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/ম্যাথল্যাব/টিউটোরিয়াল এর নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

১৬/০১/১৮

(প্রফেসর ড. শামসুন নাহার)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

৩। কোষাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাক।

৪। সংরক্ষণ নথি।